২০০৫

বাংলা

দশম পাঠক্রম

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। 'সাধারণীকরণ' কাকে বলে ? রসতত্ত্বে সাধারণীকরণের গুরুত্ব ব্যাখ্যা করুন। ১৬

অথবা

ধ্বনি কাকে বলে ? ধ্বনির প্রকারভেদ আলোচনা করুন। ধ্বনিকে কাব্যের আত্মা বলা যায় কি ?

২। ট্রাজেডির সংজ্ঞা নির্দেশ করুন। এর উপাদানগুলি কী কী ? অ্যারিস্টটল কেন প্লটকে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বলেছেন ? ১৬

অথবা

অ্যারিস্টটলের কাব্যতত্ত্বকে প্লেটোর কাব্যবিষয়ক মতের প্রতিবাদ বলা যায় কিনা বিচার করুন।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ৫×২=১০

(ক) 'লিরিক্যাল ব্যালাডস' এর ভূমিকায় রোমান্টিক কাব্যতত্ত্বের কোন্ কোন্ দিক ধরা পড়েছে ?

(খ) রসকে ব্রহ্মাস্বাদ সহোদর বলার কারণ কী ?

(গ) অ্যারিস্টটল ট্রাজেডির নায়কের কী কী বৈশিষ্ট্যের কথা বলেছেন ?

(ঘ) ক্লাসিক ও রোমান্টিক কাব্যতত্ত্বের পার্থক্য কী ?

২০০৫

বাংলা

৩

একাদশ পাঠক্রম

সময় : দু' ঘন্টা　　　　　　　　　　　　　পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। 'রাজসিংহ' উপন্যাসের মূল কাহিনী বিবর্ণ, উপন্যাসের পক্ষে আবশ্যকীয় মানবরস তাতে নেই। কিন্তু এই উপন্যাসের উপকাহিনীগুলি মূল কাহিনীর পক্ষে প্রয়োজনীয়। — এই মন্তব্যের সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

"রাজসিংহ ঐতিহাসিক উপন্যাস। ইহার নায়ক কে কে ? ঐতিহাসিক অংশের নায়ক ঔরঙ্গজেব, রাজসিংহ এবং বিধাতাপুরুষ। উপন্যাস অংশের নায়ক আছে কিনা জানি না, নায়িকা জেব-উন্নিসা।" — সংশ্লিষ্ট উপন্যাস পর্যালোচনার মধ্য দিয়ে রবীন্দ্রনাথের এই মন্তব্য কতখানি সার্থক বিচার করুন।

২। নির্যাতিত নিপীড়িত মানুষের, বিশেষত নারীর ব্যক্তিস্বাতন্ত্র্যের মহিমা প্রকাশেই শরৎচন্দ্রের উপন্যাসের আধুনিকতা নিহিত। 'চরিত্রহীন' উপন্যাস প্রসঙ্গে এই উক্তিটির যাথার্থ্য বিচার করুন। ১৬

অথবা

'পথের পাঁচালী' উপন্যাস অবলম্বনে লেখকের প্রকৃতিচেতনা ও জীবনদৃষ্টির স্বাতন্ত্র্য নিরূপণ করুন।

P.T.O.

28 / 2 - 900

৩। যে কোনো **দু'টি** বিষয়ে আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) 'রাজসিংহ' উপন্যাসে উত্থাপিত বিষ একদিকে রাজপুত নারী চঞ্চলকুমারীর আত্মরক্ষার হাতিয়ার, অন্যদিকে বাদশাহজাদী জেবউন্নিসার কদর্য আচরণের প্রতীক। — ব্যাখ্যা করুন।

(খ) "দুনিয়ার বাদশাহ হইলেও কেহ সুখী হয় না — কাহারও সাধ মিটে না।"— এই উক্তির মধ্য দিয়ে বক্তা চরিত্রের যে দ্বিতীয় সত্তাটি পরিস্ফুট হয়ে ওঠে তার পরিচয় দিন।

(গ) 'চরিত্রহীন' উপন্যাসে উপেন্দ্র - সুরবালার দাম্পত্য প্রেমকাহিনিটি উপস্থাপনের তাৎপর্য কী ?

(ঘ) প্রতিদিনের জীবনযাত্রার ক্ষেত্রে অপু ও দুর্গা চরিত্রের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য কোথায় ?

২০০৫

বাংলা

দ্বাদশ পাঠক্রম

সময় : দু' ঘন্টা

পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। "সৌন্দর্য্য সৃষ্টিই কাব্যের মুখ্য উদ্দেশ্য"। — 'উত্তরচরিত'-এ কথিত এই উক্তির আলোকে বঙ্কিমচন্দ্রের সাহিত্যচিন্তার পরিচয় দিন। ১৬

অথবা

"রবীন্দ্রনাথ হাল বাংলার সিদ্ধিদাতা গণেশ।" পাঠ্য প্রবন্ধ অবলম্বনে প্রমথ চৌধুরীর এই বক্তব্যের অভিপ্রায় বুঝিয়ে দিন।

২। শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' অবলম্বনে উনিশ শতকের বাংলাদেশের সামাজিক অবস্থার পরিচয় দিন। ১৬

অথবা

বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধটিকে বলা যায় প্রাচীন মহাকাব্যের এক আধুনিক ভাষ্য। — মন্তব্যটি ব্যাখ্যা করুন।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) "জমিদার নিজেই মহাজন।"— বঙ্কিমচন্দ্র কেন এরকম মনে করেন ?

(খ) দক্ষিণ ভারতে গিয়ে শিবনাথ শাস্ত্রীর কীরূপ অভিজ্ঞতা হয়েছিল ?

P.T.O.

(গ) "এরই নাম সাহিত্যে অমরতা। আর এক্ষেত্রে সমালোচনার কার্য লৌকিক নিন্দা প্রশংসা নয়, এই অমরতার কারণ আবিষ্কার করা"; সমালোচকের কাজ সম্বন্ধে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গী কী রকম ?

(ঘ) 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধের সূচনায় অবনীন্দ্রনাথ গ্যেটের যে উক্তিটি ব্যবহার করেছেন প্রবন্ধের বক্তব্যের সঙ্গে তার যোগসূত্র কতোখানি ?

২০০৫

বাংলা

ত্রয়োদশ পাঠক্রম

সময় : দু' ঘন্টা　　　　পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কালানুক্রমের দিক থেকে বিচার করলে 'চিত্রা' কাব্যের প্রথম কবিতাটিকে প্রথমে স্থান দেবার কোনো কারণ ছিল না। অথচ কবি পরে লিখিত এই কবিতাটিকে প্রথম কবিতার মর্যাদা দিয়েছেন। — বিশদভাবে এর অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করুন। ১৬

অথবা

'চিত্রা' কাব্যের প্রাসঙ্গিক কয়েকটি কবিতা বিশ্লেষণ করে রবীন্দ্রনাথের বিশিষ্ট সৌন্দর্যচেতনার পরিচয় দিন।

২। 'বলাকা' কাব্যের কবিতাগুলিতে কবির যৌবনরাগের পরিচয় পাওয়া যায়। প্রাসঙ্গিক কবিতাগুলি অবলম্বনে এই অনুভূতির পরিচয় দিন। কেন কবির মনে এই যৌবনরাগের নব উদ্বোধন ঘটল ? ১৬

অথবা

'পত্রপুট-এর কবিতাগুলিতে কবির শেষ বয়সের অনুভূতিতে বিশ্বকে পাওয়ার আকাঙ্ক্ষা ফুটে উঠেছে — আলোচনা করুন।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ　　৫×২=১০

(ক) 'চিত্রা' কাব্যের 'সুখ' কবিতার নিহিত তাৎপর্যটি কী ?

28 / 4 - 900

(খ) 'বলাকা'-র কবিতাগুলি সংখ্যা দ্বারা চিহ্নিত করা হয়েছে কেন ?

(গ) 'পত্রপুট'-এর একটি কবিতায় কবি বলেছেন — 'আমি ব্রাত্য আমি পংক্তিহারা' — এরূপ উক্তির তাৎপর্য কী ?

(ঘ) 'পত্রপুট'-এর ৯ সংখ্যক কবিতায় ঝড়ের চিত্র রচনায় কবির শিল্পকুশলতার কী পরিচয় পাওয়া যায় ?

২০০৫

বাংলা

চতুর্দশ পাঠক্রম

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'জীবনস্মৃতি' হল কবির কবি হয়ে ওঠার ইতিবৃত্ত —আলোচনা করুন। ১৬

অথবা

'জীবনস্মৃতি' যেন চরিত্রের চিত্রশালা। এই গ্রন্থে বর্ণিত কয়েকটি বিশিষ্ট চরিত্র এবং রবীন্দ্রনাথের জীবনে তাঁদের প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

২। "আমি আগুনের মধ্য দিয়ে বেরিয়ে এসেছি, যা পোড়বার তা পুড়ে ছাই হয়ে গেছে, যা বাকি আছে তার আর মরণ নেই।" — কোন্ অভিজ্ঞতার মধ্য দিয়ে বিমলা এই উপলব্ধিতে পৌঁছেছে ? এর মধ্য দিয়ে তার চরিত্রের কোন্ দিক উদ্‌ঘাটিত হয়েছে — কাহিনি বিশ্লেষণ করে দেখান। ১৬

অথবা

'রক্তকরবী'র প্রথম সংস্করণে কবির অভিভাষণে রবীন্দ্রনাথ কর্ষণজীবী এবং আকর্ষণজীবী সভ্যতার দ্বন্দ্বের কথা বলেছেন। নাটকে এই দ্বন্দ্বের চেহারাটি কীভাবে ফুটে উঠেছে ?

৩। যে কোনো **দুটি** বিষয়ে আলোচনা করুন : ৫×২=১০

(ক) শ্রীকণ্ঠ সিংহ কে ? বাস্তবে দেখা এই চরিত্রটির আদলে রবীন্দ্রনাথ তাঁর সাহিত্যে কোন্ চরিত্র নির্মাণ করেছেন ?

P.T.O.

(খ) 'ঘরে বাইরে' উপন্যাসের মূল কাহিনি নির্মাণে পঞ্চুর উপকাহিনিটির গুরুত্ব কী ?

(গ) "আমার মধ্যে সুর অবরুদ্ধ, আমার মধ্যে বিশ্বের সমস্ত উজ্জ্বলতা আটকা পড়ে যায়, ফিরে যেতে পায়না।" — কার উক্তি ? এর মধ্য দিয়ে তার কোন্ অনুভূতি প্রকাশ পেয়েছে ?

(ঘ) 'রক্তকরবী' নাটকে রঞ্জনের প্রসঙ্গে নীলকণ্ঠ পাখি এবং রাজার প্রসঙ্গে মরা ব্যাঙের অনুষঙ্গ ব্যবহারের তাৎপর্য কী ?

২০০৫

বাংলা

পঞ্চদশ পাঠক্রম

(মধ্যযুগের বাংলা মঙ্গল, আখ্যান ও অনুবাদকাব্য)

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা　　　　　　　　　　পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা মঙ্গলকাব্যগুলির মধ্যে নারী জীবনের বিচিত্র পরিচয় লিপিবদ্ধ রয়েছে। — আলোচনা করুন। ১৬

অথবা

বাংলার ভক্তিভাবনার সঙ্গে বাংলা অনুবাদ-কাব্যধারার সম্পর্ক বিশ্লেষণ করুন।

২। পুথি কত প্রকারের হতে পারে ? আদর্শ পুথি নির্ণয়ের পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন। পুথি সম্পাদনার রীতি-পদ্ধতি বিবৃত করুন এবং পুথির রচনাকাল কতভাবে নির্দেশিত হয়েছে তার পরিচয় দিন। ১৬

অথবা

'চর্যাপদ' ও 'শ্রীকৃষ্ণকীর্তন' পুথি দুটির পরিচয় দিন।

৩। যে কোনো **দুটি** বিষয়ের আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) নাটগীত ও মঙ্গলকাব্যের সম্পর্ক বুঝিয়ে বলুন।

P.T.O.

(খ) মঙ্গলকাব্যে বর্ণিত বিবাহানুষ্ঠান ও বিবাহাচারের তাৎপর্য বিশ্লেষণ করুন।

(গ) মঙ্গল-আখ্যান কাব্যে তালিকা প্রণয়নের বিষয়-বৈচিত্র্যের পরিচয় দিন এবং এই তালিকা সংযোজনের তাৎপর্য নির্দেশ করুন।

(ঘ) মধ্যযুগে বাংলা অনুবাদ কাব্য রচিত হওয়ার প্রেক্ষাপট সংক্ষেপে বিবৃত করুন।

PG-II (DE)/2005

২০০৫

বাংলা

ষোড়শ পাঠক্রম

[মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যানকাব্য।]

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা   পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বিপ্রদাসের কাব্যে চাঁদ সদাগর চরিত্রটি বিশ্লেষণ করে কবির চরিত্রাঙ্কন দক্ষতার পরিচয় দিন। ১৬

অথবা

কোনো এক সমালোচক মুকুন্দ চক্রবর্তীকে কথাশিল্পীর মর্যাদা দিয়েছেন। মধ্যযুগের প্রেক্ষাপটে কবির কথাশিল্পী হওয়ার সম্ভাবনা সত্যিই রয়েছে কিনা আলোচনা করুন।

২। ঘনরামের ধর্মমঙ্গল কাব্যে লখাই চরিত্রটি স্বতন্ত্র মহিমায় ভাস্বর হয়ে উঠেছে। — আলোচনা করুন। ১৬

অথবা

রামেশ্বরের শিবায়নে লৌকিক জীবনের ছবি জীবন্ত হয়ে উঠেছে। — আলোচনা করুন।

P.T.O.

28 / 8 - 900

৩। যে কোনো **দু'টি** বিষয়ে আলোচনা করুন। ৫×২=১০

(ক) সমুদ্রমন্থনের কাহিনি মনসাবিজয়ে যুক্ত করা হয়েছে কেন ?

(খ) ফুল্লরার বারমাস্যা ও সুশীলার বারমাস্যার পার্থক্য নির্দেশ করুন।

(গ) ধর্মমঙ্গল কাব্যে হরিশ্চন্দ্র পালার কাহিনি কেন সংযুক্ত হয়েছে ?

(ঘ) শিবায়ন কাব্যে অঙ্কিত নারদ চরিত্রটি বিশ্লেষণ করুন।

———————

২০০৫

বাংলা

সপ্তদশ পাঠক্রম

(মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যানকাব্য)

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। "মানুষ বলিয়াই রামচরিত্র মহিমান্বিত।" — কৃত্তিবাসের রামচরিত্র প্রসঙ্গে উক্তিটি কতটা গ্রহণযোগ্য আলোচনা করুন। ১৬

অথবা

মালাধর বসু সংস্কৃত পুরাণ কথাকে বাংলা ভাষায় বাঙালি মানসের অনুকূলে রূপদান করেছিলেন। এই কাজে তাঁর সার্থকতার কী পরিচয় পাওয়া যায় আলোচনা করুন।

২। "যদি মৌখিক মহাকাব্য বলিয়া কিছু থাকে, তবে গোপীচন্দ্রের গান তাহাই" — মন্তব্যটি কতখানি গ্রহণীয় বিচার করুন। ১৬

অথবা

বৈষ্ণব কবিতা বা পদাবলী ভিন্ন ধরনের রচনা হলেও 'পদ্মাবতী' কাব্যে বৈষ্ণব সাহিত্যের প্রভাব দুর্লক্ষ্য নয়। — এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করুন।

2৪ / 10 - 900

৩। যে-কোনো **দুটি** বিষয়ে আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) অরণ্যকাণ্ডে শূর্পনখা চরিত্রের গুরুত্ব আলোচনা করুন।

(খ) শ্রীকৃষ্ণবিজয় কাব্যে মঙ্গলাচরণ ও দেবতা বন্দনা অংশ বিশেষ তাৎপর্যপূর্ণ। — আলোচনা করুন।

(গ) হিন্দু পুরাণ সম্পর্কে পদ্মাবতী কাব্যে আলাওলের যে জ্ঞানের পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করে দেখান।

(ঘ) 'গোপীচন্দ্রের গান-এর অপ্রধান চরিত্রগুলির পরিচয় দিন।

Need

২০০৫

বাংলা

অষ্টাদশ পাঠক্রম

(মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যান কাব্য)

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা — পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

১। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন ঃ — ৪২

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে শিব চরিত্রের বিবর্তন।

(খ) মঙ্গলকাব্যে লৌকিক ও পৌরাণিক উপাদানের সংমিশ্রণ।

(গ) চৈতন্য সংস্কৃতি এবং মধ্যযুগের বাংলা সাহিত্যে তার প্রভাব।

(ঘ) নাথ সাহিত্যের মানবিক রসাবেদন।

(ঙ) চৈতন্যোত্তর বৈষ্ণব পদাবলী ঃ তত্ত্ব ও কবিত্ব।

(চ) মধ্যযুগের বাংলাসাহিত্যে জায়া ও জননী চরিত্রের রূপ-বৈচিত্র্য।

২০০৫

বাংলা

ঊনবিংশ পাঠক্রম

সময় : দু' ঘন্টা　　　　পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'আরোগ্য', 'জন্মদিনে', 'শেষলেখা' কাব্যের কবিতাগুলি অনুসরণ করে রবীন্দ্রনাথের শেষ পর্যায়ের কাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করুন। ১৬

অথবা

রবীন্দ্রনাথ তাঁর প্রবন্ধে কালিদাসের 'মেঘদূত' কাব্যের যে নবভাষ্য রচনা করেছেন তার পর্যালোচনা করুন।

২। 'সাহিত্যের পথে' গ্রন্থের ভূমিকাটি বিশ্লেষণ করে রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্বের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করুন। ১৬

অথবা

'সাহিত্যধর্ম' ও 'সাহিত্যের নবত্ব' প্রবন্ধ দুটি অনুসরণে আধুনিক সাহিত্য সম্বন্ধে রবীন্দ্রনাথের মতের পরিচয় দিন।

৩। যে কোনো **দুটি** বিষয়ে আলোচনা করুন : ৫×২=১০

(ক) 'দেখেছি নিত্যের জ্যোতি দুর্যোগের মায়ার আড়ালে'— উক্তিটি ব্যাখ্যা করে রবীন্দ্রনাথের জীবনপ্রীতির পরিচয় দিন।

P.T.O.

(খ) 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ নং কবিতাটিতে (বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি) কবির কী মনোভাবের প্রকাশ পেয়েছে ?

(গ) 'কালান্তর' প্রবন্ধে কবি কোন্ কালান্তরের কথা বলেছেন ? এই কালের কী বৈশিষ্ট্য কবির চোখে ধরা পড়েছে ?

(ঘ) 'এই যুগ য়ুরোপের সঙ্গে আমাদের গভীর সহযোগিতার যুগ।'— রবীন্দ্রনাথের ধারণা অনুসরণ করে কোন্ সহযোগিতার কথা এখানে বলা হয়েছে দেখান।

২০০৫

বাংলা

বিংশ পাঠক্রম

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। তারাশঙ্করের 'গণদেবতা' ব্যক্তিচরিত্রের বিবর্তনের কাহিনি নয়, গণজাগরণের আখ্যান। — আলোচনা করুন। ১৬

অথবা

'গণদেবতা উপন্যাসে ন্যায়রত্ন ও দেবু চরিত্রদুটির আলোচনা ক'রে উভয়ের মানস বৈশিষ্ট্যের পার্থক্য দেখিয়ে দিন।

২। নরনারীর প্রেমতৃষ্ণার মধ্য দিয়ে জীবনের প্রবহমান রূপটিই পরিস্ফুট হয়ে উঠেছে 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে। — বিষয়টি আলোচনার মাধ্যমে লেখকের প্রেমচেতনার স্বরূপটি স্পষ্ট করুন। ১৬

অথবা

কলকাতা শহরে বাস্তুচ্যুতদের বাঁচবার সংগ্রাম-কাহিনিটি নরেন্দ্রনাথের ছোটগল্পে মুখর হয়ে উঠেছে। — এ সম্বন্ধে আপনার যুক্তিপূর্ণ অভিমত ব্যক্ত করুন।

৩। যে কোনো **দুটি** বিষয়ে আলোচনা করুন : ৫×২=১০

(ক) 'গণদেবতা' উপন্যাসে দ্বারিকা চৌধুরীর সঙ্গে বিশ্বনাথ চরিত্রের প্রভেদ কোথায় ?

(খ) 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের প্রবাসখণ্ডে স্বাস্থ্যবতী বেদেনীটির আবির্ভাবের কোনো প্রাসঙ্গিকতা আছে কী ?

(গ) নরেন্দ্রনাথের 'রস' গল্পে মোতালেফ মাজু খাতুনের সঙ্গে সম্পর্ক বেশি দিন বিচ্ছিন্ন ক'রে রাখতে পারল না কেন ?

(ঘ) নরেন্দ্রনাথ মিত্রের 'দ্বিচারিণী' ছোটগল্পের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করুন।

২০০৫

3

বাংলা

(X)

পঞ্চদশ পাঠক্রম

(উপন্যাস ও ছোটগল্প)

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চেতনাপ্রবাহধর্মী উপন্যাস বলতে কী বোঝায় ? বাংলা ভাষায় রচিত চেতনাপ্রবাহধর্মী উপন্যাসগুলির পরিচয় দিন। ১৬

অথবা

চরিত্রসৃজনের সময় ঔপন্যাসিককে প্রধানত কোন্ কোন্ দিকগুলির প্রতি নজর রাখতে হয় ? উদাহরণ দিয়ে বুঝিয়ে বলুন।

২। ছোটগল্প কাকে বলে ? যে কোনো একটি ছোটগল্প অবলম্বনে বুঝিয়ে দিন সেইগল্পে ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি কীভাবে রক্ষিত হয়েছে ? ১৬

অথবা

বাংলা ছোটগল্পের আবির্ভাবের ইতিহাসটি সংক্ষেপে বিবৃত করে ছোটগল্পের প্রথম সার্থক স্রষ্টা কাকে বলা যায় — সে বিষয়ে আপনার সুচিন্তিত মতামত দিন।

P.T.O.

৩। যে কোনো **দুটি** বিষয়ে আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) উপন্যাসে ভাষা ব্যবহারের কৌশল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) ঔপন্যাসিকের জীবনদর্শন বলতে কী বোঝায় ?

(গ) গল্পহীন গল্প কাকে বলে ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(ঘ) কাকে বলে গথিক নভেল ? উদাহরণ দিয়ে বুঝিয়ে বলুন।

২০০৫

বাংলা

ষোড়শ পাঠক্রম

(উপন্যাস ও ছোটগল্প)

বিশেষ পাঠক্রম

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।
নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চতুরঙ্গ' উপন্যাসে শচীশের আত্মোপলব্ধির সাধনার বিভিন্ন স্তরের পরিচয় দিন। এই স্তরবিন্যাসে লেখকের শিল্পগত সার্থকতা নির্ধারণ করুন। ১৬

অথবা

'আরোগ্যনিকেতন' উপন্যাসে জীবনমশায় ও প্রদ্যোতের বিরোধ কেবল কবিরাজী ও আধুনিক চিকিৎসাপদ্ধতির দ্বন্দ্ব নয়, শুধুমাত্র নবীন ও প্রবীণের বিরোধও নয় ; এই সংঘাত দুই স্বতন্ত্র জীবন দর্শনেরও বটে। — আলোচনা করুন।

২। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে গোপাল, যামিনী কবিরাজ, যাদব — চরিত্রগুলির সঙ্গে শশীর সম্পর্ক-সংঘাতের পরিচয় দিন। ১৬

অথবা

'অন্তঃশীলা' উপন্যাসে বাইরের ঘটনাবস্তু উপলক্ষ মাত্র, মূল লক্ষ্য চরিত্রের অবচেতন সত্তার চলমান মুহূর্তগুলিকে আলোকিত ক'রে তোলা। — মন্তব্যটির গ্রহণযোগ্যতা সম্পর্কে লিখুন।

P.T.O.

28 / 9 - 900

৩। যে কোনো **দু'টি** বিষয়ে আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) 'চতুরঙ্গ' উপন্যাসের শেষখণ্ডের নাম 'শ্রীবিলাস' কেন তার সম্ভাব্য কারণ সংক্ষেপে আলোচনা করুন।

(খ) "বাইরে পড়তে আর আমি পাঠাব না। আমাদের কৌলিক বিদ্যা শেখো তুমি।" — বাইরে পড়তে না পাঠানোর এই প্রবল আপত্তির কারণ কী ?

(গ) "জোরে আজকাল শশী হাঁটে না, মন্থর পদে হাঁটিতে হাঁটিতে গ্রামে প্রবেশ করে।" শশীর চলাফেরায় এই পরিবর্তনের কারণ কী ?

(ঘ) পৃথিবী নাম টেনিসকোর্টে খগেনবাবু যেন একজন টেনিস খেলোয়াড়। এই অর্থেই 'অন্তঃশীলা' উপন্যাসে টেনিস খেলার প্রসঙ্গটি বারবার ব্যবহৃত হয়েছে। — ব্যাখ্যা করুন।

২০০৫

বাংলা

সপ্তদশ পাঠক্রম

(উপন্যাস ও ছোটগল্প)

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'সেই ভালোবাসাই আমার নারায়ণ'— 'বোষ্টমী' গল্পে আনন্দীর এই অন্তিম উক্তির আলোয় তার জীবনের অভিজ্ঞতা এবং উপলব্ধি বিশ্লেষণ করুন। ১৬

অথবা

মানিক বন্দ্যোপাধ্যায়ের 'প্রাগৈতিহাসিক' এবং 'সরীসৃপ' গল্প দুটিকে কি প্রকৃতিবাদী বা ন্যাচারালিস্ট গল্প বলা যায় ? আলোচনা করুন।

২। নিয়তির নির্মম প্রতিশোধ 'আখড়াইয়ের দিঘি' এবং 'অগ্রদানী' গল্পের পরিণতিকে নির্মম করে তুলেছে। — আলোচনা করুন। ১৬

অথবা

'ফসিল' এবং 'গোত্রান্তর' গল্পে মধ্যবিত্তের আত্মপ্রতারণার যে ছবি সুবোধ ঘোষ তুলে ধরেছেন তা পরিস্ফুট করুন।

P.T.O.

৩। যে কোনো **দুটি** বিষয়ের আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) 'শেষ কথা' গল্পের নামকরণের তাৎপর্য বিচার করুন।

(খ) 'ডাইনী' গল্পের প্রারম্ভে এবং অন্তিমে প্রকৃতির চিত্র উপস্থাপন করেছেন তারাশঙ্কর। এর তাৎপর্য কী ?

(গ) মানুষের সমুদ্র, ঝড়ে উত্তাল সমুদ্রের সঙ্গে লড়া যায় না"। — কোন্ গল্পে একথা বলা হয়েছে ? মানুষের সমুদ্রের কথা বলে লেখক এখানে কী বোঝাতে চেয়েছেন ?

(ঘ) 'গাছ আমার সঙ্গে কথা বলে'। কে কোথায় একথা বলে ? একথা বলার তাৎপর্য কী ?

PG-II (DE)/2005

২০০৫

বাংলা

অষ্টাদশ পাঠক্রম

(উপন্যাস ও ছোটগল্প)

বিশেষ পত্র

সময় : দু' ঘন্টা | পূর্ণমান : ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

১। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুন : ৪২

(ক) বাস্তবতাবোধের দর্পণে বাংলা উপন্যাসের বিবর্তন।

(খ) বাংলা কথাসাহিত্যে নারীর মূল্য।

(গ) শরৎ উপন্যাসে বাঙলাদেশের সমাজ।

(ঘ) তারাশঙ্করের রচনায় প্রান্তিক জীবনচেতনা।

(ঙ) রবীন্দ্র ছোটগল্পের শিল্পরূপ।

(চ) সমাজ প্রগতি ও বাংলা উপন্যাসের জীবনচেতনা।

---

28 / 13 - 900